

# ক্যানসার

কলকাতা, বৃহস্পতিবার ৩ ডিসেম্বর ২০০৯, ১৭ অগ্রহায়ণ ১৪১৬

৩ ডিসেম্বর ২০০৯ বর্তমান [৯]

## ক্যানসার নিয়ে উদ্বেগ নোবেলজয়ী বিজ্ঞানীর

নিম্ন প্রতিনিধি, কলকাতা: যাঁর গবেষণা সারভাইক্যাল ক্যানসারের প্রতিযোধক প্রস্তুতের পথ প্রশস্ত করেছে, সেই নোবেল পুরস্কারপ্রাপ্ত বিজ্ঞানী হারাল্ড জুয়ার হাউসেন এখন শহরে। ‘হিউম্যান প্যাপিললোমা ভাইরাস’ (এইচ পি ভি) আবিষ্কারের জন্য জার্মানির হাইডেলবার্গ বিশ্ববিদ্যালয়ের ক্যানসার রিসার্চ সেন্টারের অধ্যাপক হাউসেন চিকিৎসাশাস্ত্রে নোবেল পেয়েছেন ২০০৮-এ।



বুধবার তিনি কলকাতা প্রেস ক্লাবে সাংবাদিক সম্মেলনে জানান, সারা বিশ্বে ক্যানসারে মৃত্যুর সংখ্যা যেভাবে বাঢ়ছে, তা অত্যন্ত উদ্বেগের বিষয়। এ ব্যাপারে স্বাস্থ্যচেতনা যেমন বাড়ানো দরকার, তেমন চিকিৎসার সুযোগও সব স্তরের মানুষের কাছে পৌছে দেওয়ার প্রয়োজন রয়েছে। হাউসেন আজ, বৃহস্পতিবার প্রথম ‘ক্যানসার ফাউন্ডেশন অব ইণ্ডিয়া (সি এফ আই) প্রতিষ্ঠা’ বক্তৃতা দেবেন জাতীয় গ্রন্থাগারের অডিটোরিয়ামে। বিষয় হল, ‘সার্চ ফুর ইনফেকশাস এজেন্টস ইন হিউম্যান ক্যানসারস—এ কন্টিনিউয়াস চ্যালেঞ্জ’।